

-০২-

ঢাকা ওয়াসা

সংযুক্তিঃ ১। প্রস্তাবিত ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।

সংযুক্তিঃ ২। প্রস্তাবিত ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

সংযুক্তিঃ ৩। ক্ষতিগ্রস্ত পাইপ লাইনের লোকেশন ম্যাপ।

সংযুক্তিঃ ৪। পূর্বানুমোদিত দরের অনুমোদিত কপি।

সংযুক্তিঃ ৫। প্রস্তাবিত প্রাক্কলন।

বিষয়ঃ Leakage repair and replacement of various diameter HDPE pipeline, fittings, and reconnection of existing house connection line under SKWP কাজটির প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

০১। সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৫ টি গভীর নলকূপ (বাকী ১ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। প্লানটির পানি উৎপাদন লক্ষ্যমাত্রা দৈনিক ১৫ কোটি লিটার। দৈনিক সকল গভীর নলকূপ হতে অপরিিশোধিত পানি সংগ্রহ করে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর আওতায় পরিশোধন করে Over Ground Reservoir (OGR) হতে বুস্টারিং করে ১২০০ মি.মি. ব্যাসের পাইপ দিয়ে ভাকুর্তা, মোগড়াকান্দা, আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (জোন-৪, জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৫ (পনেরো) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়।

০২। আলোচ্য সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টের IRP#2 এর আওতাধীন হারগরিয়া, ঝাউচর, কানারচর, চরতুলাতুলি ও চাইরা এলাকার লোকাল ওয়াটার পাইপ লাইন নেটওয়ার্কের ১১০ মি.মি ও ১৬০ মি.মি পাইপের লিকেজ দেখা দিয়েছে। এছাড়া বিভিন্ন ডায়ার হাউজ কানেকশনের স্যাডেল, বেড ও পাইপ নষ্ট হয়ে গিয়েছে। উক্ত পাইপলাইনে মেরামত ও ফিটিংস গুলো পরিবর্তন করা জরুরী। অন্যথায়। পানি লিকেজ হয়ে রাস্তা নষ্ট হয়ে যাবে। উক্ত এলাকার গ্রামবাসী ক্ষতিগ্রস্ত পাইপ লাইন মেরামত করে পানি সরবরাহ চালু রাখার জন্য মৌখিক অনুরোধ জনিয়েছেন।

০৩। সেপ্রেক্ষিতে জরুরী ভিত্তিতে ক্ষতিগ্রস্ত পাইপ মেরামত ও ফিটিংস গুলো পরিবর্তনের পূর্বানুমোদিত দরের (সংযুক্তিঃ ০৪) আলোকে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাতে কাজের প্রাক্কলিত ব্যয় দাঁড়িয়েছে সর্বমোট টাঃ ৪৯,২৩৬.৫/- (টাকা উনপঞ্চাশ হাজার দুইশত ছত্রিশ দশমিক পাঁচ শুন্য) মাত্র (সংযুক্তিঃ ০৫)। আলোচ্য কাজটি SKWP এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর ক্রমিক নংঃ ০৭ এর 'পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাত (সংযুক্তিঃ ০১) হতে এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নংঃ ১৭৬ এর বরাদ্দ থেকে নির্বাহ করা হবে (সংযুক্তিঃ ০২)।

০৪। এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ হত ৩.০ এর বর্ণনার প্রেক্ষিতে ঢাকা ওয়াসার "সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট"-এর IRP#2 এর আওতাধীন বিভিন্ন এলাকায় লোকাল পাইপ লাইন মেরামত কাজের জন্য Leakage repair and replacement of various diameter HDPE pipeline, fittings, and reconnection of existing house connection line under SKWP শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) কাজটি জরুরী ভিত্তিতে সম্পাদনের জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর (৭৬) (১) ট ধারায় মেসার্স এফ বি এন্টারপ্রাইজ-এর সাথে সরাসরি চুক্তির মাধ্যমে (DPM) সম্পাদনের জন্য অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলিত সর্বমোট টাঃ ৪৯,২৩৬.৫/- (টাকা উনপঞ্চাশ হাজার দুইশত ছত্রিশ দশমিক পাঁচ শুন্য) টাকা মাত্র টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) আলোচ্য কাজের ব্যয়ভার সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট-এর ২০২৫-২৬ ইং অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর 'পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

[Signature]
19.08.2025

[Signature]
AE/SE

[Signature]
জাফর ইকবাল চৌধুরী
সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

[Signature]
22/08/25

মোঃ নাফিজ ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।

[Signature]
SE, WSTP-e

[Signature]
19.08.2025
মিজা গোলাম কিবরিয়া
উপসহকারী প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

মোঃ আবুল কালাম আজাদ
উপসহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

[Signature]

[Signature]
22/8/25

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

